# বেসিক ব্যাংক লিমিটেড এর সৈয়দপুর শাখার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
**(Overview of the Performance of Saidpur Branch, BASIC Bank Limited)**

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের(৩বছর) প্রধান অর্জনসমূহঃ**

  বিগত ৩ বছরে শাখার স্বল্পব্যয়ী আমানতের পরিমান পর্যায়ক্রমে বৃদ্ধি পেয়েছে। শাখায় বিদ্যুৎ বিল সংগ্রহের জন্য এস.এন.ডি হিসাব খোলা হয়েছে। স্বল্পব্যয়ী আমানতের পাশাপাশি অন্যান্য আমানতের পরিমানও পর্যায়ক্রমে বৃদ্ধি পেয়েছে । আর্থিক অন্তর্ভুক্তির আওতায় ব্যক্তি পর্যায়ের উল্লেখযোগ্য সংখ্যক নতুন গ্রাহককে ব্যাংকিং সেবার আওতায় আনা হয়েছে। ব্যাংকিং সেবা প্রদানে ডিজিটালাইজেশনের ব্যবহার বৃদ্ধি পেয়েছে।

  বিগত ৩ বছরে শাখার ঋণের স্থিতি বৃদ্ধি পেয়েছে। শাখা সেক্টর ভিত্তিক ঋণ বিতরনে ব্যাপক ভূমিকা পালন করছে। বিশেষ করে কৃষি ঋণ বিতরনে শাখা অগ্রগামী ভূমিকা পালন করছে। তাছাড়া ক্ষুদ্র ও মাঝারী শিল্পের বিকাশের জন্য শাখা এস.এম.ই ঋণ বিতরনে ব্যাপক ভুমিকা পালন করছে। ২০২১-২০২২ অর্থবছরে ১১.০০ কোটি টাকার অধিক শাখা ঋণ বিতরণ করেছে। ঋণ প্রণোদনামূলক নানাবিধ খাতে (জয়িতা ফাউন্ডেশন, এসএমই ফাউন্ডেশান প্রভৃতি প্রতিষ্ঠানের অন্তর্গত) ঋণ প্রদানে শাখা উল্লেখযোগ্য অর্জন সাধন করেছে। বিগত ৩ বছরে শাখার ব্যবসায়ীক ক্ষতির পরিমান ক্রমান্বয়ে কমেছে। শাখা এছাড়াও শ্রেণীকৃত ঋণ হিসাব হইতে প্রতিনিয়ত আদায় হচ্ছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জঃ**

  শাখার মোট আমানতের তুলনায় ঋণের স্থিতি বেশি হওয়ায় প্রতিনিয়ত বর্ধিত সুদে প্রধান কার্যালয় হইতে আমানত সংগ্রহ করে ঋণ বিতরন করা হচ্ছে । অধিকন্তু, বাংলাদেশ সরকারের দেয়া প্রতিশ্রুতি অনুযায়ী, সব ধরনের ঋণের সুদের হার ৯.০০ শতাংশ এবং আমানতের সুদের হার ৬.০০ শতাংশ করায় শাখা বিতরনকৃত ঋণ হতে কম মুনাফা অর্জন করতে পারছে এবং আমানত সংগ্রহে সমস্যার সম্মুখিন হচ্ছে। অন্যদিকে বেসরকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ চড়া সুদে আমানত সংগ্রহ ও ঋণ প্রদান করায় গ্রাহকগন ঐসব বেসরকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের দিকে বেশি ঝুকে পড়ছে। তাছাড়া বৈশ্বিক করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবের কারনে ব্যস্টিক ও সামস্টিক অর্থনীতিতে ব্যাপক প্রভাব পড়ায়, শাখার আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনে ব্যাহত হচ্ছে। ফলে, স্বল্পব্যয়ী আমানত সংগ্রহের হার কমে যাচ্ছে। তাই, বর্তমান প্রেক্ষাপটে, ব্যাপক হারে স্বল্পব্যয়ী আমানত সংগ্রহ ও পুনঃতফসিলকৃত ঋণ হিসাব ও শ্রেণীকৃত ঋণ হইতে নগদ আদায় করার মাধ্যমে শাখাকে লাভজনক শাখায় রুপান্তর করাই এখন বড় চ্যালেঞ্জ।

- **ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

  বিরাজমান করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবের সময়ও শাখার কর্মকর্তা ও কর্মচারীদের সংবদ্ধভাবে কাজে লাগিয়ে ব্যাপক প্রচার ও প্রসার এর মাধ্যমে শাখার ঋণ ও আমানতের অনুপাত কমিয়ে আনা| শাখার স্বল্পব্যয়ী আমানতের পরিমান বৃদ্ধি কল্পে গ্রাহকদের সর্বোচ্চ সেবা প্রদানের মাধ্যমে ও ডিজিটাল সুবিধা প্রদানের মাধ্যমে গ্রাহকদের সন্তুষ্টি অর্জন করা| এছাড়া, বিভিন্ন কর্পোরেট সরকারী ও বেসরকারী অফিসের সাথে যোগাযোগ করে স্বল্পব্যয়ী আমানত হিসাব খোলা। অত্র অঞ্চলে কৃষি ভিত্তিক বিনিয়োগকে উৎসাহিত করার নিমিত্তে কৃষি ঋণ বিতরন ও মহিলা উদ্যোক্তাদের বিভিন্ন ঋণ বিতরনের মাধ্যমে ব্যবসায়ীক উদ্যোগ গ্রহনে সহায়তা করা। শাখার পুনঃ তফসিলকৃত ঋণ হিসাব ও শ্রেণীকৃত ঋণসমূহ হতে নিয়মিত নগদ আদায় করার জন্য গ্রাহকদের সাথে প্রতিনিয়ত যোগাযোগ রক্ষা করা এবং শাখার অশ্রেণীকৃত ঋণসমূহ যাতে শ্রেণীকৃত না হয় সেদিকে ব্যাপক তদারকির মাধ্যমে শাখাকে একটি লাভজনক শাখায় পরিনত করা।

- **২০২২-২৩ অর্থবছরে সৈয়দপুর শাখার সম্ভাব্য প্রধান অর্জন সমূহ**

  - এসএমই খাতে ঋণ বিতরণ ও আদায়
  - কৃষি খাতে ঋণ বিতরণ ও আদায়
  - শ্রেণিকৃত হিসাবসমূহ হতে নগদ আদায়
  - শ্রেণিকৃত ঋণের হার নামিয়ে আনা
  - মোট আমানতের বিপরীতে স্বল্পব্যয়ী আমানতের হার বৃদ্ধিকরণ

